

## ■ সুনান আত তিরমিজী (তাহকীকৃত)

হাদিস নাম্বারঃ ৩৯৮

২/ রাসূলুল্লাহ ﷺ হতে নামাযের সময়সূচী (عَنْ رَسُولِ اللَّهِ ﷺ)

পরিচ্ছেদঃ ১৭৯. যে ব্যক্তি নামাযে কম অথবা বেশি আদায় করার সন্দেহে পড়ে যায়

بَابِ مَا جَاءَ فِي الرَّجُلِ يُصَلِّي فَيَشُكُّ فِي الزِّيَادَةِ وَالنَّقْصَانِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ خَالِدٍ أَبْنُ عَثْمَةَ الْبَصْرِيِّ، حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْدٍ، قَالَ حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ، عَنْ مَكْحُولٍ، عَنْ كُرَيْبٍ، عَنْ أَبْنِ عَبَّاسٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ، قَالَ سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ "إِذَا سَهَا أَحَدُكُمْ فِي صَلَاتِهِ فَلَمْ يَدْرِ وَاحِدَةً صَلَّى أَوْ ثَنْتَيْنِ فَلَيْبِنِ عَلَى وَاحِدَةٍ فَإِنْ لَمْ يَدْرِ ثَنْتَيْنِ صَلَّى أَوْ ثَلَاثَةَ فَلَيْبِنِ عَلَى ثَنْتَيْنِ فَإِنْ لَمْ يَدْرِ ثَلَاثَةَ صَلَّى أَوْ أَرْبَعًا فَلَيْبِنِ عَلَى ثَلَاثَةَ وَلَيْسِ جُدْ سَجْدَتَيْنِ قَبْلَ أَنْ يُسْلِمَ" . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثُ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رُوِيَ هَذَا الْحَدِيثُ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ مِنْ غَيْرِ هَذَا الْوَجْهِ رَوَاهُ الزُّهْرِيُّ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ عَنْ أَبْنِ عَبَّاسٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ .

বাংলা

৩৯৮। আবদুর রহমান ইবনু আওফ (রাঃ) হতে বর্ণিত আছে, শুনেছিঃ তোমাদের কেউ যখন তার নামাযে ভুল করে তারপর সে বলতে পারছে না সে কি এক রাক'আত আদায় করেছে না দুই রাকাআত আদায় করেছে, এমতাবস্থায় সে এক রাকাআতের উপরই ভিত্তি করবে। সে কি দুই রাকাআত আদায় করেছে না তিন রাকাআত – তা ঠিক করতে না পারলে দুই রাকাআতকেই ভিত্তি ধরবে। সে তিন রাক'আত আদায় করেছে না চার রাকাআত – তা ঠিক করতে না পারলে তিন রাকাআতকেই ভিত্তি ধরবে এবং সালাম ফিরানোর আগে দুটি সিজদা করবে। –সহীহ। ইবনু মাজাহ- (১২০৯)।

আবু ঈসা বলেনঃ এ হাদীসটি হাসান গারীব সহীহ। আবদুর রহমান (রাঃ)-এর নিকট হতে অপরাপর সূত্রেও এ হাদীসটি বর্ণিত হয়েছে। যুহুরী তার সনদ পরম্পরায় আব্দুর রহমান ইবনু আউফের সুত্রে হাদীসটি বর্ণনা করেছেন।

## English

Abdur-Rahman bi Awf narrated that he heard the Prophet (S) saying:  
"When one of you becomes forgetful in his Salat so that he does not know if he prayed one or two, then let him consider it one. When he does not know if he prayed three or four, then let him consider it three, and let him perform two prostrations before he says the Taslim."

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিগোপিত

পাবলিশার: হ্যাইন আল-মাদানী □ বর্ণনাকারী: আবদুর রহমান ইবনু 'আওফ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=39385>

₹ হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন